ADN Telecom Limited

উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা

(Principles of Disclosure of Material Information and Price Sensitive Information)

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ২০২২ -এর ৩(২) ধারা মোতাবেক প্রকাশিত]

ভূমিকাঃ-

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুসরন পূর্বক এডিএন টেলিকম লিমিটেড এর পরিচালনা পর্ষদ কর্তৃক প্রনীত উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা (Principles on Disclosure of Material Information and Price Sensitive Information) কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হইল।

১। সংজ্ঞা। (১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) "কোম্পানি" বলিতে এডিএন টেলিকম লিমিটেডকে বুঝাইবে;

(খ) "কমিশন" বলিতে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনকে বুঝাইবে;

(গ) "অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্য (Unpublished Price Sensitive Information) অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ ২ এর উপ- অনুচ্ছেদ (১) এ বর্ণিত কোম্পানির অপ্রকাশিত কোন তথ্য যাহা প্রকাশিত হইলে স্টক এক্সচেঞ্জের কোনো ট্রেডিং বোর্ডে কোম্পানির সিকিউরিটি এর বাজার মূল্য প্রভাবিত হইতে পারে বা কোম্পানির নীট সম্পদ মূল্য উল্লেখযোগ্য হারে প্রভাবিত হইতে পারে;

[ব্যাখ্যাঃ এই ক্ষেত্রে "উল্লেখযোগ্য হারে" বলিতে কোম্পানির বিদ্যমান নীট সম্পদের মূল্যায়ন কম পক্ষে ১০% (দশ শতাংশ) হারে বা সময় সময় কমিশন কর্তৃক নির্ধারিত হারে প্রভাবিত হওয়ার সম্ভাবনাকে বুঝাইবে।]

(ঘ) "আইন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন);

(ঙ) "উল্লেখযোগ্য তথ্য" অর্থ এমন তথ্য, যাহা একজন যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপুর্ণ বিবেচিত হইতে পারে;

(চ) "উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার" অর্থ কোম্পানির ১০% (দশ শতাংশ) বা উহার অধিক শেয়ারের মালিক;

(ছ) "নিকটাত্মীয় (Immediate Relative)" অর্থ পিতা-মাতা, স্বামী বা স্ত্রী, সন্তান, বা এইরুপ কোনো ব্যক্তি যিনি কোনো ব্যক্তির উপর আর্থিকভাবে নির্ভরশীল বা সিকিউরিটি লেনদেন বিষয়ে উক্ত ব্যক্তির পরামর্শ গ্রহণ করিয়া থাকেন;

(জ) "মূখ্য নির্বাহী" অর্থ কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিবসহ প্রধান ০৫ (পাঁচ) জন কর্মকর্তা;

(ঝ) "মূল্য সংবেদনশীল তথ্য" বলিতে অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (১) বর্ণিত তথ্যাবলিকে বুঝাইবে;

(ঞ) "সুবিধাভোগী (Insider)" বলিতে নিম্নবর্ণিত উপ-দফা (অ) হইতে (ই) তে উল্লেখিত কোনো ব্যক্তি বা এমন কোনো ব্যক্তি, যিনি উপ-দফা (অ) হইতে (ই) তে উল্লেখিত কোনো ব্যক্তির সহিত তাহার সম্পর্ক বা তাহার পদ বা তাহার অবস্থানের কারণে বা লেনদেনের কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশিত হইবার পূর্বে জানিতে পারেন বা উক্ত তথ্য জানিবার সুযোগ আছে বিবেচনা করা যায়ঃ-

(অ) কোম্পানির পরিচালক, স্পন্সর বা উদ্যোক্তা, উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার, ম্যানেজিং এজেন্ট বা কোম্পানির স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ বা ব্যাংকার, নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকরী, ক্রেডিট রেটিং কোম্পানি, উপদেষ্টা, বা উহার বা উহাদের সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা নিকটাত্তীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(আ) কোনো স্টক ব্রোকার বা স্টক ডিলার, বাজার সৃষ্টিকারী, ইস্যু ব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজারসহ সকল বাজার মধ্যস্থতাকারী, বা উহার বা উহাদের পরিচালক বা উহার স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ বা সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা অনুমোদিত প্রতিনিধি বা নিকটাত্তীয় বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ই) তালিকাভুক্ত কোম্পানির সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তথ্য প্রাপ্তির আইনগতভাবে অধিকারী কর্তৃপক্ষ বা স্টক এক্সচেঞ্জ, ডিপজিটরি কোম্পানির ন্যায় আত্ম-নিয়ামক সংগঠনের কোনো পরিচালক বা সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা উহার বা উহাদের নিকটাত্তীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তালিকাভুক্ত কোম্পানির স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ;

(ট) "সুবিধাভোগী ব্যবসা (Insider Trading)" অর্থ অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের ভিত্তিতে কোনো সুবিধাভোগী কর্তৃক কোনো সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর: তবে শর্ত থাকে যে, আদালতের আদেশবলে বা মৃত

ব্যক্তির উত্তরাধিকার সূত্রে বা বাজেয়াপ্তকরণ (confiscation) এর মাধ্যমে অর্জিত সিকিউরিটির হস্তান্তর এই সংজ্ঞার আওতাধীন থাকিবে না;

(ঠ) "সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী" বলিতে অনুচ্ছেদ ২ এর উপ- অনুচ্ছেদ (১) এ বর্ণিত মূল্য সংবেদনশীল তথ্য জানিবার আইনসঙ্গত অধিকার বা সুযোগ আছে এমন কোনো কোম্পানির সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা ডিপজিটরি কোম্পানির ন্যায় আত্ম-নিয়ামক সংগঠনের কোনো পদাধিকারী বা দায়িত্বশীল কর্মকর্তা বা কর্মচারীকে বুঝাইবে;

(ড) "স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি" অর্থ কোনো ব্যক্তি বা তাহার পরিবারের কোনো সদস্য যদি নিজে বা অন্য কাহারো সহিত যৌথভাবে কোনো প্রতিষ্ঠানের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে বা উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে বা উক্ত প্রতিষ্ঠান বা কোম্পানি বা উহার হোল্ডিং কোম্পানির মূখ্য নির্বাহী কর্মকর্তা বা শীর্ষ ব্যবস্থাপনায় নিয়োজিত থাকে;

(ঢ) "স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান" অর্থ এমন একটি প্রতিষ্ঠান যদি উহা অন্য কোনো প্রতিষ্ঠানের বা উহার স্বার্থ সংশ্লিষ্ট একই গ্রুপের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান হয় বা হোল্ডিং কোম্পানি, সাবসিডিয়ারি কোম্পানি, সহযোগী প্রতিষ্ঠান বা জয়েন্ট ভেঞ্চার হিসাবে সম্পর্কিত হয় বা উভয়ে তৃতীয় কোনো প্রতিষ্ঠানের জয়েন্ট ভেঞ্চার হয় বা উক্ত প্রতিষ্ঠান বা কোম্পানিসমূহ একই স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক একক বা যৌথভাবে পরিচালিত বা নিয়ন্ত্রিত হয়;

(ড) "কমিটি" বলিতে এই নীতিমালা বাস্তবায়নে এবং পর্যালোচনার লক্ষে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবসহাপনা পরিচালক, প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিব সমন্বয়ে গঠিত কমিটিকে বুঝাবে।

(২) এই নিতীমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৪ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), এক্সচেঞ্জস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫ নং আইন) এবং উহাদের অধীন জারীকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

২। মূল্য সংবেদনশীল তথ্য, উল্লেখযোগ্য তথ্য, সুবিধাভোগীর তথ্য এবং উহার প্রকাশ, ইত্যাদি।

(১) কোম্পানির মূল্য সংবেদনশীল তথ্য হিসাবে, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত তথ্যাবলীকে গণ্য হইবে যথাঃ-

(অ) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন আর্থিক অবস্থার ফলাফল বা এতদসংক্রান্ত মৌলিক তথ্য;

(আ) লভ্যাংশ ও কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্য;

(ই) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যঃ যথা- একীভূতকরণ, বিভিক্তিকরণ (Demerger), অধিগ্রহন, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্য;

(ঈ) পুঁজি কাঠামো (Capital Structure) পরিবর্তন সংক্রান্ত তথ্য;

(উ) ব্যবসায় কার্যক্রম সম্প্রসারণ, পরিবর্তন, ইত্যাদি সংক্রান্ত তথ্য;

(ঊ) কমিশন কর্তৃক প্রণীত বা অনুমোদিত বা জারীকৃত অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালা বা আদেশ বা নির্দেশ বা প্রজ্ঞাপনে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে নির্ধারিত কোনো তথ্য;

(ঋ) কমিশন কর্তৃক সময় সময় সরকারি গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন ধারা নির্ধারিত অন্য কোনো তথ্য।

(২) কোম্পানি উপ-অনুচ্ছেদ (১) এর তথ্য সমূহের মূল্য সংবেদনশীলতা বিবেচনা করিবার ক্ষেত্রে অনুচ্ছেদ ৬ অনুসরন করিবে।

(৩) কোম্পানি কমপক্ষে বিগত ৩ (তিন) বছরে প্রকাশিত সকল মূল্য সংবেদনশীল তথ্য (Price Sensitive Information) ও উল্লেখযোগ্য তথ্য (Material Information) নিজস্ব ওয়েবসাইটে সংরক্ষণ করিবে।

৩। সুবিধাভোগী ব্যবসা, ইত্যাদি নিষিদ্ধকরণ ।

(১) কোনো সুবিধাভোগী নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোনো ব্যক্তিগত পরামর্শ প্রদান বা সহায়তা করিবেন না।

(২) কোম্পানির বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ এবং দুই মাস পূর্ব (ইংরেজি পঞ্জিকা বছর মোতাবেক) হইতে উক্ত হিসাব কোম্পানি পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে কোম্পানির শেয়ার নিম্নবর্ণিত ব্যক্তিগণ ক্রয়, বিক্রয় কিংবা অন্য কোনো প্রকারে হস্তান্তর (গ্রহণ/ প্রদান) করিবে নাঃ

(ক) কোম্পানির কোনো স্পন্সর, পরিচালক, মূখ্য নির্বাহী, সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী বা কোম্পানির নিয়োজিত নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকরী, ক্রেডিট রেটিং কোম্পানি, পরামর্শক, আইন উপদেষ্টা বা উক্ত কাজসমূহে নিয়োজিত বা সম্পৃক্ত ব্যক্তিগণ বা হোল্ডিং কোম্পানি বা উহার বা উহাদের পরিচালক, সাবসিডিয়ারী কোম্পানি কিংবা Securities and Exchange Ordinance, 1969 এর Section 12 এ উল্লিখিত beneficial owner; বা

(খ) কমিশন কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো ব্যক্তি।

৪। মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের পদ্ধতি:

(১) কোম্পানি কোনো মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এর ২ (দুই) ঘন্টার মধ্যে কিংবা তথ্যটি কোম্পানির গোচরে আসার তারিখেই তাৎক্ষণিকভাবে কোম্পানির চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানির সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট ই-মেইল, ফ্যাক্স, ডিজিটাল সাবমিশন প্লাটফরম বা বিশেষ বার্তা বাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করিবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজী) এবং একটি অনলাইন (online) পত্রিকায় অবিলম্বে প্রকাশ করিবে এবং একইসাথে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(২) কোম্পানি শেয়ার এর মূল্য প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোনো মিথ্যা বা অসত্য মূল্য সংবেদনশীল প্রকাশ করিবে না কিংবা মিথ্যা বা অসত্য তথ্য সরবরাহ বা প্রকাশে কোনো ব্যক্তিকে প্ররোচিত করিবে না;

(৩) কোম্পানি কর্তৃক প্রেরিত ও প্রকাশিত উক্তরূপ তথ্যটিতে কোম্পানির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত গ্রহনের তারিখ ও সময়, কিংবা ক্ষেত্রমতে তথ্যটি কোম্পানির গোচরে আসার তারিখ উল্লেখ করিবে;

(৪) যে কোন ধরনের অতিরঞ্জন এড়াবাইর জন্য সহজ ও সাবলীল ভাষায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করা হইবে;

(৫) মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত বিষয়াদির ঘটনা পরিক্রমা কোম্পানি একটি ডিজিটাল ডাটাবেইজে সর্বোচ্চ পাঁচ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবে;

(৬) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্য সংবেদনশীল তথ্যের অতিরিক্ত কোন তথ্য কোম্পানির নিকট মূল্য সংবেদনশীল বিবেচিত হইলে কোম্পানী তাহা প্রকাশ করিতে পারিবে, তবে শর্ত থাকে যে, এরুপ ক্ষেত্রে তথ্য প্রকাশের জন্য কমিশন নির্ধারিত পদ্ধতি কোম্পানী অনুসরন করিবে।

৫। পর্যালোচনা ও সংশোধনঃ

(১) কোম্পানির পরিচালনা পর্ষদ সময় সময় কমিশনের নির্দেশনা অনুযায়ী এই নীতিমালার পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন করিতে পারিবে;

(২) এই নীতিমালা বাস্তবায়ন কল্পে কোম্পানী ইহার প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবসহাপনা পরিচালক, প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিব সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠন করিবে;

(৩) কমিশন কর্তৃক নির্দেশিত হইলে বা কোম্পানী নিজে প্রয়োজন মনে করিলে এই নীতিমালা পরিমার্জনও সংশোধন বিবেচনা করা যাইতে পারে তবে শর্ত থাকে যে, এরুপ পরিমার্জন ও সংশোধন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেনজ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এর কোন বিধানের পরিপন্থী না হয়।

৬। উল্লেখযোগ্য তথ্যসমূহ (Material Information):

নিম্নবর্ণিত উল্লেখযোগ্য তথ্যসমূহের (Material Information) মধ্যে অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (১) অনুযায়ী যে সকল তথ্যে কোম্পানির শেয়ার মূল্য সংবেদনশীলতা রহিয়াছে বা যে সকল তথ্য কোনো যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রভাবক হিসেবে বিবেচিত হইতে পারে সেসকল তথ্য কোম্পানি কর্তৃক মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রকাশ করিবে।

উক্ত মূল্য সংবেদনশীল তথ্য ব্যতীত নিম্নবর্ণিত অন্য সকল তথ্য উল্লেখযোগ্য তথ্য (Material Information) হিসেবে বিবেচিত হইবে, যথাঃ-

(১) আর্থিক অবস্থার পরিবর্তন সংক্রান্ত প্রভাবক, যেমনঃ-

(ক) আর্থিক বিবরণীর পরিবর্তন, যেমন-আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য, নায় বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখযোগ্য সম্পদের পুনর্মূল্যায়ন বা উল্লেখযোগ্য হ্রাস বৃদ্ধি বিষয়ক কোনো তথ্য বা বিবৃতি বা মন্তব্য;

(খ) আর্থিক বিবিরণীর নিম্নোক্ত তুলনামূলক তথ্যাদিঃ
(অ) শেয়ার/ইউনিট প্রতি আয়;
(আ) শেয়ার/ইউনিট প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;
(ই) শেয়ার/ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য।

(গ) কোম্পানির সম্পদের মূল্য অথবা সম্পদের সংমিশ্রণের উল্লেখযোগ্য পরিবর্তন;

(ঘ) প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত কোম্পানির নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোনো বিশেষ নির্দেশনা বা পূর্বে প্রদত্ত কোনো বিশেষ নির্দেশনার কোনো পরিবর্তন।

(২) কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) লভ্যাংশ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত;

(খ) সিকিউরিটিহোল্ডারগণকে রাইট, বোনাস ইস্যুর ঘোষণা বা ইস্যু করা বা অনুরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত;

(গ) বিনিয়োগকারীদের প্রাপ্যতা সম্পর্কিত কর্পোরেট ঘোষণা বা অন্য কোনো তথ্য; এবং

(ঘ) লভ্যাংশ বিতরণ পলিসি পরিবর্তন, ইত্যাদি।

(৩) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) বিদ্যমান সম্পদের ৫% বা তাহার বেশি কোনো সম্পদের অধিগ্রহণ বা অবসায়ন;

(খ) কোম্পানির সহিত অন্য কোম্পানির একীভূতকরণ বা কোনো কোম্পানির উল্লেখযোগ্য শেয়ার অর্জন ও অধিগ্রহণ, ইত্যাদি;

(গ) কোম্পানির কোনো ইউনিটকে বিভক্তিকরণ (Demerger);

(ঘ) কোম্পানির কোনো ইউনিটের রূপান্তর বা অবসায়ন;

(ঙ) ক্যাপিটাল রিঅর্গানাইজেশন বা একীভূতকরণ বা বিভক্তিকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন;

(চ) কোনো কোম্পানির কর্তৃত্ব গ্রহন (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব;

(ছ) কোম্পানির নিয়ন্ত্রণে প্রভাব ফেলতে পারে এইরুপ মালিকানার পরিবর্তন; এবং

(জ) নাম বা ঠিকানা পরিবর্তন, ইত্যাদি।

(৪) পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাবলি, যেমনঃ-

(ক) কোম্পানির রাইটস অফার অথবা এর পুঁজি কাঠামোর পরিবর্তন সংক্রান্ত কোনো সিদ্ধান্ত;

(খ) যে কোনো শেয়ার কনসোলিডেশন, শেয়ার বিনিময়, কোনো সিকিউরিটিকে ইক্যুইটি সিকিউরিটিতে রূপান্তর অথবা ঋণপত্রকে শেয়ারে রুপান্তর সংক্রান্ত সিদ্ধান্ত; এবং

(গ) সিকিউরিটিহোল্ডারদের অধিকার সংক্রান্ত উল্লেখযোগ্য পরিবর্তন, ইত্যাদি।

(৫) ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) কোম্পানির প্রযুক্তি, উৎপাদন বা স্থাপনা সম্পর্কিত উল্লেখযোগ্য কোনো উন্নয়ন বা পরিবর্তন;

(খ) উল্লেখযোগ্য পুঁজি বিনিয়োগ অথবা প্রতিষ্ঠানের উদ্দেশ্যের উল্লেখযোগ্য পরিবর্তন;

(গ) উল্লেখযোগ্য নতুন চুক্তি, উৎপাদন, প্যাটেন্ট, সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন;

(ঘ) দীর্ঘমেয়াদী অনাদায়ী তহবিলের উল্লেখযোগ্য আদায়;

(ঙ) প্রধান নির্বাহী, সিইও, সিএফও, কোম্পানি সচিবসহ পরিচালনা পর্ষদ এর পরিবর্তন বা পদত্যাগ বা পদচ্যূতি;

(চ) বিধিবদ্ধ নিরীক্ষক বা কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স অডিটর, ক্রেডিট রেটিং কোম্পানির পরিবর্তন;

(ছ) লিগ্যাল প্রসেডিংস শুরুকরণ বা রেগুলেটরী বিষয়াদির উন্নয়ন অথবা কোনো উল্লেখযোগ্য রায় বা আদেশ;

(জ) স্টক এক্সচেঞ্জ হইতে কোম্পানির শেয়ারের তালিকাচ্যুতি বা এক ক্যাটাগরি হতে অন্য ক্যাটাগরিতে পরিবর্তন;

(ঝ) উল্লেখযোগ্য ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট, ইনভেস্টরস রিলেশন এগ্রিমেন্ট, সার্ভিস এগ্রিমেন্ট, অথবা রিলেটেড পার্টি ট্রানজেকশন যাহা আর্থিক বিবরণীকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করিতে পারে এইরুপ কোনো চুক্তি;

(ঞ) কোনো স্থায়ী সম্পত্তি ক্রয় বিক্রয়ের সিদ্ধান্ত বা প্লান্ট বা মেশিনারীর সংস্কার বা উন্নয়ন বা সম্প্রসারণ (BMRE) বা নতুন ইউনিট স্থাপন সংক্রান্ত তথ্য; এবং

(ট) আন্তঃকোম্পানি বা সাবসিডিয়ারী বা সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে উল্লেখযোগ্য অগ্রিম বা ঋণ প্রদান বা গ্রহণ বা পরিচালকের সাথে ঋণ আদান-প্রদান ইত্যাদি।

(৬) ঋন ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদি, যেমনঃ-

(ক) পরিশোধিত মূলধন বা নীট সম্পদ মূল্যের মধ্যে যাহা অধিক তাহার ২৫% বা তাহার বেশি পরিমাণ ঋণ গ্রহণ ও পরিশোধ;

(খ) উল্লেখযোগ্য সম্পদ দায়বদ্ধকরণ অথবা দায়মুক্তকরণ;

(গ) কোনো ব্যাংক বা পাওনাদার বা ঋণপত্রের দায় বা দেনা পরিশোধে ০৬ (ছয়) মাসের অধিক সময়ের ব্যর্থতা;

(ঘ) উল্লেখযোগ্য নতুন ঋণ চুক্তি; এবং

(ঙ) বৈদেশিক ঋণ চুক্তি বা বিনিয়োগ চুক্তি, ইত্যাদি।

(৭) অন্যান্য, যেমনঃ-

(ক) কোনো গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত/স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন;

(খ) কোম্পানির উল্লেখযোগ্য কোনো সম্পদের ক্ষতি বা উহার ভাবমূর্তি ক্ষুন্নকারী কোনো ঘটনা;

(গ) পূর্বে ঘোষিত কোনো প্রকল্প বাতিল বা উহার উল্লেখযোগ্য সংশোধন; এবং

(ঘ) কোম্পানির অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি ।